১৮/১০/২০০০

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ৬ কলাম ৫

# ভিসি আজাদ চৌধুরীর পদত্যাগের দাবীতে ঢা.বিতে ছাত্রদলের বিক্ষোভ কর্মসূচী পালিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি আজাদ চৌধুরীর পদত্যাগের দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (বুধবার) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ কর্মসূচী পালন করে। ভিসির কার্যালয়ের সামনে ছাত্রদলের বিক্ষোভ পালন করার কথা থাকলেও পুলিশী বাধার মুখে মল চত্বর এলাকায় ছাত্রদল সমাবেশ করে। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, আওয়ামী লীগের দালাল ভিসি আজাদ চৌধুরী গত পাঁচ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসের লীলাভূমিতে পরিণত করেছেন। মেধার মননক্ষেত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য পুনরুদ্ধার করতে ছাত্রদল আজাদ চৌধুরীর মত সন্ত্রাসীকে বিতাড়নের প্রয়োজনে আরো কঠোর কর্মসূচী পালন করবে। ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এবিএম মোশারফ হোসেন, সহ সভাপতি রেহানা আক্তার রানু, আব্দুল বারী জানী, যুগ্ম সম্পাদক মুন্সী বজলুল বাসিত আঞ্জু, মোস্তাফিজুল ইসলাম মামুন, নুরুল ইসলাম নয়ন, ওমর ফারুক সাফিন, কামরুল হাসান চৌধুরী। এ সময় উপস্থিত ছিলেন সহ-সভাপতি আব্দুল আউয়াল খান, আনসার আলী খান জয়, আলী আসরাফ, সুলতান সালাউদ্দিন টুকু, শফিউল বারী বাবু, সেলিমুজ্জামান সেলিম, মাহবুবুল হক নান্নু, ফরহাদ হোসেন আজাদ, শামসুজ্জামান মেহেদী, রেজা পাহলভী মাসুম। সমাবেশের পূর্বে ছাত্রদলের বিক্ষোভ মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে।